

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০০৯.১৬.

তারিখঃ /০৬/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
খাদ্য ভবন, ঢাকা।

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের অধীন সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয়সমূহে কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে আর্থিক মঞ্জুরী প্রদান।

মহোদয়,

খাদ্য অধিদপ্তরের অধীন ১৪টি সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয়সমূহে ০১টি করে ইউপিএসসহ ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের জন্য ২০/০৪/২০১৭ তারিখের ১৩.০১.০০০০.১০০.৩৮.০০৯.১৬-৬৪ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তৎপ্রেক্ষিতে, ০২টি সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয় উক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণকরতঃ অর্থ মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। মহাপরিচালক মহোদয় নিম্নবর্ণিত সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার দপ্তরসমূহের অনুকূলে পার্শ্বে উল্লিখিত পরিমাণ টাকার আর্থিক মঞ্জুরীর অনুমোদন প্রদান করিয়াছেন।

ক্রঃ নং	দপ্তরের নাম	জেলার নাম	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ
১	সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, সিংহজানী খাদ্য গুদাম, জামালপুর	জামালপুর	৯৩,৯০০.০০ (তিরানব্বই হাজার নয়শত) টাকা
২	সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, সিরাজগঞ্জ খাদ্য গুদাম, সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
সর্বমোট =			১,৮৮,৭০০.০০ (এক লাখ আটশি হাজার সাতশত) টাকা

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উল্লিখিত কার্যালয় সমূহের নামের পার্শ্বে বর্ণিত টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হলো।

উক্ত টাকা চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কোড-৩/৪৮৩১/০০০১/৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ খাত হতে মিটানো হবে। মঞ্জুরীকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জরী করবেন। উক্ত মঞ্জুরীকৃত টাকা সংশ্লিষ্ট সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা আয়ন-ব্যয়ন করবেন। সংশ্লিষ্ট সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা (ডিডিও) সরকারি প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করবেন।

এতে মহাপরিচালক এর অনুমোদন রয়েছে।

(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট

ফোনঃ ০২-৪৭১১০৬৯৮

sys@dgfood.gov.bd

তারিখঃ ১৫/০৬/২০১৭খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০০৯.১৬.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিষয়টি জরুরী বিবেচনা করে বরাদ্দপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....।
- ৬। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা,.....জেলা.....।
- ৮। অফিস কপি।

(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট